

দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচি
বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)
৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫।
www.iresppw-brdb.gov.bd/Fax- 8189029



স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.৪০৪.১৩- ২৯৬


তারিখঃ ২২/০৬/২০২০খ্রিঃ

বিষয়ঃ সুফলভোগীদের জমাকৃত সঞ্চয়ের উপর লভ্যাংশ প্রদানের জন্য লভ্যাংশের হার নির্ধারণপূর্বক প্রস্তাব প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের নিজস্ব ব্যবস্থাপনায় পরিচালিত দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচির মাঠ পর্যায়ে সুফলভোগীদের জমাকৃত সঞ্চয়ের লভ্যাংশ প্রদানের জন্য অত্র দপ্তরের স্মারক নং-২৩৪ তারিখঃ ২১/০৫/২০১৯ খ্রিঃ এবং স্মারক নং-২৬৯ তারিখঃ ২০/০৬/২০১৯খ্রিঃ মূলে সঞ্চয় তহবিল বিনিয়োগের বিপরীতে মুনাফার একটি নির্দিষ্ট অংশ সংরক্ষনের নির্দেশনা দেয়া হয়েছে। নির্দেশনা মোতাবেক সঞ্চয়ের বিপরীতে জমাকৃত লভ্যাংশ তহবিল হতে সুফলভোগীদের জমাকৃত সঞ্চয়ের উপর কি হারে লভ্যাংশ প্রদান করা যাবে তা নির্ধারণের জন্য নিম্নোক্ত কমিটি গঠন করা হলো।

ক্র.নং	কর্মকর্তার পদবী	কমিটিতে অবস্থান	মন্তব্য
০১	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা	সভাপতি	
০২	সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা/ হিসাব রক্ষক	সদস্য	
০৩	সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা(ইরেসপো)	সদস্য সচিব	

গঠিত কমিটি কর্তৃক উপরোক্ত নির্দেশনা মোতাবেক সঞ্চয়ের বিপরীতে অর্জিত তহবিল হতে সুফলভোগীদের জমাকৃত সঞ্চয়ের উপর লভ্যাংশ প্রদানের হার নির্ধারণপূর্বক আগামী ২৮/০৬/২০২০ খ্রি: তারিখের মধ্যে ই-মেইল এ কর্মসূচি সদর দপ্তরে প্রেরণ করতে হবে। উল্লেখ্য কমিটি কর্তৃক নির্ধারিত হারে সঞ্চয়ের লভ্যাংশ সফটওয়্যারে পোস্টিং না দেয়া পর্যন্ত ৩০ জুন তারিখে সফটওয়্যারে month end করা যাবে না।


প্রকৌশলী মোহাম্মদ রাশেদুল আলম
কর্মসূচি পরিচালক
০২-৮১৮০১৪৪

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা

বিআরডিবি(কর্মসূচিভূক্ত সকল উপজেলা)।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১. উপপরিচালক, বিআরডিবি (কর্মসূচিভূক্ত সকল জেলা)।
২. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৩. প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৪. পরিচালক(সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৫. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা(ইরেসপো) বিআরডিবি (কর্মসূচিভূক্ত সকল উপজেলা)
৬. অফিস নথি/ গার্ড ফাইল।